

## নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রম.	পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেঃ-২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	অতিরিক্ত রেজিস্ট্রার/সমমানের ঢাকা ৫০০০০-৭১২০০/-	১(এক) টি	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। (সমমানের পদের ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সরাসরি নিয়োগ/আপড্রেডেশন নীতিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তসমূহ প্রযোজ্য হবে)। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে উপ-রেজিস্ট্রার/সমমান পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে ন্যূনতম ১৬ (ষোল) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

## সাধারণ শর্তাবলী :

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে আগামী ১২/১২/২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।
  ২. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
  ৩. শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
  ৪. আবেদনপত্রের সাথে 'ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা' শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা-এর অনুকূলে ৪০০.০০ (চারশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
  ৫. চাকুরীর প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
  ৬. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
  ৭. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।
  ৮. বিজ্ঞাপিত পদে সরাসরি কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপণ করার সময় অন্য প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে :  
ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর;  
খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিকালের ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর;  
গ) সরকারি ব্যাংক/সরকারি উন্নয়ন প্রকল্প ও এমপিওভুক্ত স্কুল কলেজের ইনডেন্সধারী ব্যক্তির চাকরিকালের ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর;  
ঘ) একজন কর্মকর্তাকে যোগদানের ছয় মাসের মধ্যে অতীত চাকরিকাল গণনার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করতে হবে;  
ঙ) কোন প্রকার খন্ডকালীন অথবা চুক্তিভিত্তিক অথবা বেসরকারি প্রতিষ্ঠানের চাকরির সময়কাল চাকরিকাল হিসেবে গণনা করা হবে না।
- উল্লেখ্য, গত ০৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৭০-তম সভার পূর্বে যে সকল কর্মকর্তা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ৮ নং শর্ত প্রযোজ্য হবে না।
৯. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
  ১০. লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার